

ঠাকুরগাঁও সদর উপজেলা সমাজসেবা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মাসহুরা বেগম হুরা
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ।
তারিখ : ২৪/১২/২০২৩খ্রিঃ
সময় : সকাল ১১.০০ টা।

জনাব মাসহুরা বেগম হুরা, মহিলা ভাইস চেয়ারম্যান সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতপর তিনি উপজেলা সমাজসেবা অফিসার ও সদস্য সচিবকে আলোচ্য সূচি মোতাবেক বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ জানান। সদস্য সচিব সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানা কোন প্রকার সংযোজন ও বিয়োজন না হওয়ায় তা দৃষ্টীকরণ করা হয়।

আলোচনা-১ : উপজেলা সমাজসেবা কার্যালয় এর চলমান কার্যক্রম সংক্রান্ত আলোচনা।

সদস্য সচিব সভাকে জানান যে, ঠাকুরগাঁও সদর উপজেলায় বিদ্যমান ২২টি ইউনিয়নে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, হিজড়া বিশেষ ভাতা, অনগ্রসর বিশেষ ভাতা, অনগ্রসর শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি ভাতা ও চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচি ভাতা প্রদান করা হয় এবং পল্লী সমাজসেবা আর এস এস ক্ষুদ্রঋণ কার্যক্রম, মাতৃকেন্দ্র ঋণ কার্যক্রম, বেসরকারি এতিমখানায় ক্যাপিটেশন গ্র্যান্ট প্রদান, আবাসন প্রকল্পের মাধ্যমে আবাসনে অবস্থানরতদের ক্ষুদ্রঋণ প্রদান, স্বেচ্ছসেবী প্রতিষ্ঠান পরিচালনা ও ক্যান্সার/কিডনী/লিভারসিরোসিস/স্ট্রোক প্যারালাইজড/হৃদরোগ আক্রান্ত রোগীদের এককালীন আর্থিক অনুদান প্রদান, গরীব ও অসহায় ছাত্র/ছাত্রীদের আর্থিক সহায়তা প্রদান কর্মসূচিসহ বিভিন্ন প্রকার সেবামূলক কার্যক্রম পরিচালিত হচ্ছে। সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে কার্যক্রম সমূহ যাতে সঠিক ভাবে বাস্তবায়িত হয়, সে বিষয়ে উপজেলা সমাজসেবা অফিসার সতর্ক দৃষ্টি রাখবেন।

আলোচনা-২ : চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে ভাতা কার্যক্রম বিষয়ে আলোচনাঃ

ক্র:নং	খাতের নাম	ভাতাভোগীর সংখ্যা	মাসিক ভাতার পরিমাণ	মাসিক টাকা পরিমাণ
১	বয়স্ক ভাতা	২৩২১২	৬০০/-	১৩৯২৭২০০/-
২	বিধবা ভাতা	১৪৯২৬	৫৫০/-	৮২০৯৩০০/-
৩	প্রতিবন্ধী ভাতা	৯৮৮৩	৮৫০/-	৮৪০০৫৫০/-
৪	প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি	২৬২	স্তর ভিত্তিক	২০০৫০০/-
৫	অনগ্রসর ভাতা	৫৭	৬০০/-	৩৪২০০/-
৬	হিজড়া ভাতা	০৫	৬০০/-	৩০০০/-
৭	অনগ্রসর শিক্ষা উপবৃত্তি	৯৬	স্তর ভিত্তিক	৭৩২০০/-
সর্বমোট=		৪৮৪৪১ জন		৩০৮৪৭৯৫০/-

উল্লেখিত ভাতাভোগীদেরকে মোবাইল ব্যাংকিং সিস্টেম (বিকাশ) এর মাধ্যমে ভাতা প্রদান করা হচ্ছে।

সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

৫

MH

সিদ্ধান্তঃ সকল প্রকার ভাতা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদানের জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়।

আলোচনা - ৩ : পল্লী সমাজসেবা কার্যক্রম বিষয়ে আলোচনাঃ

ক্র:নং	খাতের নাম	বিনিয়োগকৃত অর্থ	উপকারভোগীর সংখ্যা	আদায়কৃত অর্থ	আদায়ের হার	মন্তব্য
১	পল্লী সমাজসেবা কার্যক্রম (রাজস্ব)	৩২৬৬৮০৪৫	৭৮০০	৩১৮০৩৫৫৬	৯৩%	
	পল্লী সমাজসেবা কার্যক্রম ২০১১-২০১২ (রাজস্ব)	২১৪৬৪৯০০	৮৯৯	২০৭৫৪৭৬৫	১০০%	
	পল্লী সমাজসেবা কার্যক্রম মাতৃকেন্দ্র	১০৯৫৮১০০	২৪৬৫	১০৬৬৯১৩৫	৯৩%	
	এসিডদন্ধ ও শারিরীক প্রতিবন্ধদের পূর্ণবাসন	৩৬৭৩২০০	৭৩২৫	২৯১২৩৫৫	৮৭%	
	আবাসন প্রকল্প	১৩২২০০০	১৪২	১১৩৯০০০	৮০%	

এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত : সভায় আর এস এস কার্যক্রমসহ বিদ্যমানকৃত ঋণ যেন ১০০% আদায় হয় সে বিষয়ে উপজেলা সমাজসেবা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মাসহুরা বেগম হুরা)

সভাপতি

উপজেলা সমাজসেবা বিষয়ক স্থায়ী কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

৫